

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ২১, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

বাস্তবায়ন-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৭ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

নং ০৭.০০.০০০০.১৬১.০০.০০৩.১৫-৩২০—১ জুলাই ২০১৫ তারিখ থেকে নতুন জাতীয় বেতনক্ষেল, ২০১৫ কর্যকর হয়েছে এবং এস.আর.ও ৩৬৯-আইন/২০১৫, ৩৭০-আইন/২০১৫, ৩৭১-আইন/২০১৫, ৩৭২-আইন/২০১৫, এবং ৩৭৩-আইন/২০১৫ অনুযায়ী ১৫-১২-২০১৫ তারিখে এ সংক্রান্ত গেজেট প্রকাশিত হয়েছে। চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১(৩)(খ) অনুচ্ছেদে প্রজাতন্ত্রের সকল কর্মচারীর জন্য ১ জুলাই ২০১৫ তারিখ হতে এই আদেশ জারির তারিখ পর্যন্ত সময়ের বকেয়া বেতনের প্রাপ্যতা এবং ১(৩)(ঘ) অনুচ্ছেদে ১ জুলাই ২০১৫ তারিখ হতে ইতোমধ্যে আহরিত মহার্ঘভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয়ের উল্লেখ রয়েছে। তদপ্রেক্ষিতে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলো :

- (ক) জাতীয় বেতনক্ষেল, ২০১৫ এর আওতাভুক্ত প্রজাতন্ত্রের সকল কর্মচারী জুলাই-নভেম্বর ২০১৫ পর্যন্ত ৫(পাঁচ) মাসের বর্ষিত বেতন বকেয়া হিসেবে প্রাপ্য হবেন।
- (খ) জুলাই-আগস্ট ২০১৫ ২(দুই) মাসের প্রাপ্য বকেয়া বেতন (মহার্ঘভাতা সমন্বয়সহ) ডিসেম্বর ২০১৫ মাসের বেতনের সাথে এবং সেপ্টেম্বর-নভেম্বর ২০১৫ ৩(তিনি) মাসের প্রাপ্য বকেয়া বেতন (মহার্ঘভাতা সমন্বয়সহ) জানুয়ারি ২০১৬ মাসের বেতনের সাথে বকেয়া বেতন হিসেবে প্রদেয় হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাহবুব আহমেদ  
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

( ১০৮৯৭ )

মূল্য : টাকা ৮.০০